দৈনিক
ইত্তেফাক

14 MAR 2017

# বালিয়াকান্দিতে স্কুল সরিয়ে দোকান নির্মাণ

■ বালিয়াকান্দি (রাজবাড়ী) সংবাদদাতা

জেলায় বালিয়াকান্দি উপজেলার অনুমতি ছাড়াই বহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সরিয়ে সেখানে দোকান নির্মাণ করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে এলাকাবাসী। প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাপস কুমার চক্রবর্ত্তী বলেন, উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করেই বিদ্যালয় স্থানান্তর করা হয়েছে। তবে বালিয়াকান্দি উপজেলা নির্বাহী কর্মকর্তা এইচ এম রকিব হায়দার ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশরাফুল হক জানান, বিদ্যালয় স্থানান্তরের ব্যাপারে তাদের কোনো ধরনের অনুমতি ছিল না।

সরেজমিনে গিয়ে জানা যায়, বহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বহরপুর উচ্চ বিদ্যালয় পাশাপাশি অবস্থান করায় এলাকার প্রভাবশালী ও বহরপুর উচ্চ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. খলিলুর রহমানের যোগসাজশে বিদ্যালয় স্থানান্তর করে দোকান নির্মাণ করছেন। বিষয়টি স্বীকার করে মো. খলিলুর রহমান জানান, বহরপুরের উন্নয়নের জন্য তিনি এই কাজগুলো করছেন। এই বিদ্যালয়ের গাছ দিয়ে বহরপুরের তিনটি প্রতিষ্ঠানের উন্নয়ন করা হবে। এদিকে ঠিক কতগুলো গাছ কাটা হয়েছে এ ব্যাপারে সঠিক তথ্য দিতে পারেনি বিদ্যালয় কর্তৃপক্ষ।

বাণিজ্যিক ভবন নির্মাণে ব্যয় সম্পর্কে বহরপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মজিদ শেখ জানান, এই ভবন নির্মাণ করা হচ্ছে বিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে অর্থ ধার-দেনা করে। তিনি আরো জানান, ১৮টি দোকান ঘর নির্মাণের জন্য দোকান নিতে আগ্রহীদের কাছ থেকে এক লাখ ৬০ হাজার টাকা করে নেওয়া হচ্ছে।

বালিয়াকান্দি উপজেলা চেয়ারম্যান মো. আবুল কালাম আজাদ জানান, নিয়ম বহির্ভূতভাবে একটি সরকারি প্রতিষ্ঠান সরিয়ে দোকান নির্মাণের ব্যাপারে ১৬ ফেব্রুয়ারি মাসিক সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমির উপর নির্মিত বাণিজ্যিক ভবন উচ্ছেদের নির্দেশে দেওয়া হয়েছে।